


- ১। যে কথা कहিলে হইবে সদয়,  
হেন কথা আমার না হয় উদয় ।  
বৃথা কথা গাঁথা সাধু কথা নয়,  
এ কথা সে কথা হয়েছে আমার ॥
- ২। তব নাম শ্রবণে আমার না হয় কখনও রুচি,  
আমার মত ভবে কে নাই অশুচি ।  
আমায় পরশিলে শুচি হয় অশুচি,  
শুচি কর যদি রুচি হয় তোমার ॥
- ৩। তব নামগুণ স্বরূপ বর্ণিতে  
যে পারে বর্ণিতে সে পারে বর্ণিতে ।  
আমি কি বর্ণিব, পারি কি বর্ণিতে ;  
কলুষ বহিতে দহে অনিবার ॥
- ৪। পতিত পাবন দিনবন্ধু হরি,  
সৌজন্য প্রকাশ ত্রিজগৎ ভরি ।  
কান্ত না হয় তব কৃপার অধিকারী,  
ডুবল তরী এবার, বিনে কর্ণধার ॥



১৪০ নং

তাল--গড়খেম্টা

হরি তোমার নামের মধুপান করল না মন-ভ্রমরা ।  
সদায় উড়ে বেড়ায় হাই ছতাশে,  
ছতাশ প্রাণে কেঁদে সারা ॥